

# এসেছিমে - তবু আসো নাই

কাইউম পারভেজ



তুমি এলে  
অবশেষে তুমি এলে ।  
অগ্নিঝরা দমকা হাওয়ার মত - ঝাট করে ।  
কোথাও কখনো আসোনি এমন করে । এত সত্বর ।



যখন তুমি এলে  
দু'শো সাতষট্টি-টি দীর্ঘ পথ  
তাজা রক্তের গালিচায় ঢেকেছিলাম ।  
দু'ধারে বিছিয়ে ছিলাম করোটির মালা ।  
তিরিশ লক্ষ উৎসর্গিত ফুল আর -  
সাড়ে সাত কোটি মুখের পনেরো কোটি চোখ  
তোমারই পথপানে চাহি!  
অগুনতি বধু-মাতা-কন্যার একান্ত সম্পদ লুণ্ঠিত  
শুধু তোমারই জন্য ।  
দুশো সাতষট্টি দিবস এই জনপদে আত্মাহুতির মহোৎসব ।  
চারিদিকে আতশবাজির ফুটফাট সারাক্ষণ । প্রতিক্ষণ ।  
বারুদ ধোঁয়া আগুন । সে যেন আর এক ফাগুন ।



শিশু কিশোর যুবা বৃদ্ধ-বৃদ্ধা প্রিয়ংবদা সবাই সব দিয়ে  
শুধু তোমার অপেক্ষায় - তুমি আসবে । তুমি আসবে বলে ।



তুমি এলে  
অবশেষে তুমি এলে ।

সেই রক্তের গালিচা আজো রঞ্জিত - রঞ্জিত নিত্যদিন  
উৎসর্গিত ফুলেরা আজো অজানা অচেনা সঙ্গীন ।  
পনেরো কোটি চোখ এখন পনেরো কোটি মুখ  
অশান্ত । অস্থির । অদ্ভূত ।



যে হাতে দুরন্ত আতশবাজি একদিন  
সে হাতে এখন ভিক্ষের কানাকড়ি ।  
বিজিত-পরাজিত মিলে মিশে একাকার ।  
কে করবে কার বিচার?  
আজো করে চিৎকার । ঘোষণাটি তবে কার?

হা !

উনচল্লিশ বছর পরে গানখানি মনে পড়ে -  
এসেছিলে তবু আসো নাই জানায়ে গেলে ।